

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৩৬৩৬

আগরতলা, ১১ নভেম্বর, ২০২৩

দীপাবলি উৎসব উপলক্ষ্যে মুখ্যমন্ত্রীর শুভেচ্ছা

আলোর উৎসব দীপাবলি উপলক্ষ্যে মুখ্যমন্ত্রী প্রফেসর ডা. মানিক সাহা রাজ্যবাসীকে শুভেচ্ছা জানিয়েছেন। শুভেচ্ছা বার্তায় মুখ্যমন্ত্রী বলেন, ‘আলোর উৎসব দীপাবলি আমাদের চিরন্তন ঐতিহ্যের প্রতীক। দীপাবলির আলোকশিখা জীবনের সমস্ত গ্লানিকে দূর করে আলোকিত করে তুলুক এটাই আমাদের প্রার্থনা। আলোকের ঝর্ণা ধারায় উদ্ভাসিত হোক আমাদের আগামী দিনগুলি। আত্মনির্ভরতায় ও উন্নয়নের জয়যাত্রায় আলোর পথে আমরা এগিয়ে যেতে চাই। মাতা ত্রিপুরাসুন্দরী মায়ের আশীর্বাদে আমরা সকলে যাতে সুস্থ ও সুন্দরভাবে একসাথে মিলেমিশে থাকতে পারি, দীপাবলি উৎসবে আমি সেই প্রার্থনাই জানাচ্ছি।’
